

## অটিজমের শিকার শিশুদের চিকিৎসার জন্য ইপনা ইনস্টিটিউট হিসেবে অনুমোদিত

অটিজমের শিকার শিশুদের চিকিৎসা, শিক্ষা, বিকাশ ও গবেষণামূলক চলমান প্রকল্প “এস্টাবলিশমেন্ট অফ ইনস্টিটিউট অফ প্যাডিয়াট্রিক নিউরো-ডিসঅর্ডার এন্ড অটিজম (ইপনা)”-কে ইনস্টিটিউট হিসেবে অনুমোদন দিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনিক বডি সিন্ডিকেট। আজ মঙ্গলবার ১৪ নভেম্বর ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় ডা. মিল্টন হলে এ বিশ্ববিদ্যালয়ের ৬৮তম সিন্ডিকেট সভায় এ অনুমোদন দেয়া হয়। এছাড়া এস্টাবলিশমেন্ট এ সেন্টার ফর এডভান্সড বায়োমেডিক্যাল রিসার্চ-এর জন্য প্রণীত নীতিমালার ও এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন পর্যায়ের ৩০ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারীর পদোন্নতির অনুমোদন দেয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদৃষ্টি ও মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য কন্যা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ ও ন্যাশনাল এডভাইজরি কমিটি অন অটিজম এন্ড নিউরো-ডেভলপমেন্টাল ডিসঅর্ডার-এর চেয়ারম্যান জনাব সায়মা ওয়াজেদ পুতুল-এর সহযোগিতার ফলে এ বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত অটিস্টিক শিশুদের জন্য ইপনাতে রয়েছে বহির্বিভাগ ও অন্তঃবিভাগ চিকিৎসা সুবিধা, অটিস্টিক শিশুদের পিতামাতাসহ সংশ্লিষ্টদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা, শিক্ষাদানের জন্য রয়েছে স্কুলিং ব্যবস্থা ও অটিজম নিয়ে গবেষণার প্রয়োজনীয় ব্যবস্থা। এ ইনস্টিটিউট থেকে নতুন করে চালু করা হয়েছে হোম ভিজিট ও চিকিৎসা সুবিধা। সিন্ডিকেট সভায় ইপনাকে ইনস্টিটিউট হিসেবে অনুমোদন দেয়ায় ইপনা’র চলমান কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পাবে এবং ইপনার আরো উন্নয়ন ও বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় সংসদ সদস্য ডা. মোঃ মোজাম্মেল হোসেন, সংসদ সদস্য ডা. রুস্তম আলী ফরাজী, সংসদ সদস্য জনাব মোঃ মাহবুব আলী, সম্মানিত অতিরিক্ত সচিব সরদার আবুল কালাম, যুগ্ম-সচিব মোঃ আমিনুল ইসলাম খান, বিএসএমএমইউ-এর সাবেক উপাচার্য অধ্যাপক মোঃ নজরুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল প্রমুখ উপস্থিত ছিলেন।